গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয়, পাবনা
web: www.dgfood.gov.bd

বিজ্ঞপ্তি

খাদ্য অধিদপ্তর, সংগ্রহ বিভাগ, ঢাকার ১১/০৯/২০২২ খ্রি. তারিখের ১১/১(১১) নং এবং আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী দপ্তরের ১১/০৯/২০২২ খ্রি. তারিখের ৪৮১ নং স্মারকে বোরো সংগ্রহ/২০২২ এর ধান ছাঁটাইয়ের নির্দেশনা পাওয়া যায়। এ দপ্তরের ১৫/০৯/২০২২ খ্রি. তারিখের ৫২৯৬ নং স্মারকে পাবনা সদর, ভাঙ্গুড়া, ফরিদপুর, বেড়া, সাঁথিয়া এলএসডির এবং মুলাডুলি সিএসডির ধান ছাঁটাইয়ের অনুমতির জন্য আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী দপ্তরে পত্র প্রেরণ করা হয়। তৎপ্রেক্ষিতে আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী দপ্তরের ১৬/০৯/২০২২ খ্রি. তারিখে ৪৯২০ নং স্মারকে পাবনা সদর এলএসডির ৮৩.২৪০ মে.টন, ভাঙ্গুড়া এলএসডির ২৩৩.২০০ মে.টন, ফরিদপুর এলএসডির ১০৯.৬৮০ মে.টন, সাঁথিয়া এলএসডির ২১.৮৪০ মে.টন ও বেড়া এলএসডি ৬৫.৯২০ মে.টন এবং ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডির ১০.৮০০ মে.টন বোরো সংগ্রহ/২০২২ মৌসুমে সংগৃহীত ধান ছাঁটাইয়ের অনুমতি প্রদান করেন। সংগৃহীত বোরো/২০২২ ধান ছাঁটাইয়ের জন্য পাবনা সদর, ঈশ্বরদী, ভাঙ্গুড়া, ফরিদপুর, সাঁথিয়া ও বেড়া উপজেলার চুক্তি করে সম্পূর্ণ চাল পরিশোধকারী আগ্রহী বৈধ চালকল মালিকদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে। সংশ্লিষ্ট এলএসডি/সিএসডির ব্যবস্থাপক/ভারপ্রাপ্ত কর্মকর্তা ও উপজেলা খাদ্য নিয়ন্ত্রক এর মাধ্যমে দরখাস্ত দাখিল করতে হবে। দরখাস্তের সাথে হালনাগাদ মিল লাইসেন্স, বিদ্যুৎ বিলের কপি, দুই কপি সত্যায়িত ছবি, ৩০০/- টাকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প ও ছাঁটাইয়ের জন্য আবেদনে উল্লেখিত ধানের সংগ্রহ মুল্যের ১১০% হারে জামানত হিসাবে পে-অর্ডার দাখিল করতে হবে। ধান ছাঁটাইয়ের এর ক্ষেত্রে অটোমেটিক চালকল অগ্রাধিকার পাবে।

উল্লেখ্য, মিলের পাক্ষিক ছাঁটাই ক্ষমতা, অভ্যন্তরীণ খাদ্যশস্য সংগ্রহ নীতিমালা-২০১৭, খাদ্য মন্ত্রণালয়/খাদ্য অধিদপ্তর হতে সময়ে সময় জারিকৃত পরিপত্র/আদেশ/নির্দেশনা অনুযায়ী মিলে বরাদ্দ প্রাপ্ত ধানের ছাঁটাই ও পরিবহণ বিল পরিশোধ করা হবে।

স্বাঃ-
(মুহাম্মদ তানভীর রহমান)
জেলা খাদ্য নিয়ন্ত্রক, পাবনা
ফোনঃ ০০২৮৮৮৪৬১৩৫
e-mail: dcf.pbn@dgfood.gov.bd

স্মারক নং-১৩.০৪.৭৬০০.০০৮.৪৫.০০১.২১. ৫৬০৯

তারিখ- ১৮/০৯/২০২২ খ্রি.

সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো-

১। আঞ্চলিক খাদ্য নিয়ন্ত্রক, রাজশাহী বিভাগ, রাজশাহী
২। জেলা প্রশাসক, পাবনা
৩। সহকারী খাদ্য নিয়ন্ত্রক, পাবনা
৪। ব্যবস্থাপক, মুলাডুলি সিএসডি, ঈশ্বরদী, পাবনা
৫। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (কারিগরি), পাবনা
৬। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক (সকল), ... পাবনা
৭। সংরক্ষণ ও চলাচল কর্মকর্তা, ঈশ্বরদী এলএসডি, পাবনা
৮। ভারপ্রাপ্ত কর্মকর্তা (সকল), ... এলএসডি, পাবনা
৯। কারিগরি খাদ্য পরিদর্শক, অত্র দপ্তর
১০। হিসাব শাখা, অত্র দপ্তর
১১। অফিস কপি

সংশ্লিষ্ট চালকল মালিকদের সাথে যোগাযোগের মাধ্যমে ধান ছাঁটাইয়ের ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।

১৮/৯/২২

জেলা খাদ্য নিয়ন্ত্রক
পাবনা

১৮/৯/২২